“যে ব্যক্তি মূল্যবান পোশাক পরার ক্ষমতা থাকা সত্বেও বিনয়বশতঃ তা পরিহার করল, আল্লাহ কিয়ামতের দিন সমস্ত মানুষের সামনে তাকে ডেকে স্বাধীনতা দেবেন, সে যেন ঈমানের (অর্থাৎ ঈমানদারদের পোশাক) জোড়াসমূহের মধ্য থেকে যে কোন জোড়া বেছে নিয়ে পরিধান করে।”

মুআয বিন আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে মরফূ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি মূল্যবান পোশাক পরার ক্ষমতা থাকা সত্বেও বিনয়বশতঃ তা পরিহার করল, আল্লাহ কিয়ামতের দিন সমস্ত মানুষের সামনে তাকে ডেকে স্বাধীনতা দেবেন, সে যেন ঈমানের (অর্থাৎ ঈমানদারদের পোশাক) জোড়াসমূহের মধ্য থেকে যে কোন জোড়া বেছে নিয়ে পরিধান করে।” [হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

যে লোক আল্লাহ তাআলার জন্য বিনয়ী হয়ে দামী পোশাক পরা এবং পার্থিব সাজ-সজ্জা ও সৌ্ন্দর্য ছেড়ে দিবে, অথচ এগুলো পরা থেকে সে অক্ষম নয়, আল্লাহ তাআলা কিয়ামাত দিবসে তার সম্মানার্থে সকল সৃষ্টির সামনে তাকে ডেকে এনে জান্নাতীদের সুন্দর পোশাক থেকে যে কোনো পোশাক পরিধান করার অধিকার দিবেন।

https://sunnah.global/hadeeth/bn/show/5432